

**শতভাগ পাস ও হাজার
৩৭৭ প্রতিষ্ঠান**

■ ইয়াসমিন পিউ

এ বছর সারা দেশ থেকে মাধ্যমিক পরীক্ষার অংশ নেয়া ২৬ হাজার ৬৫৮টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাসের কৃতিত্ব অর্জন করেছে ৩ হাজার ৩৭৭টি শিক্ষা প্রতিষ্ঠান। গতবছর এ সংখ্যা ছিল ২ হাজার ১৭টি। এ বছর এই কৃতিত্বের অংশীদার পূর্বা ২ কনাম ৫

শতভাগ পাস ও হাজার

২০ পৃষ্ঠার পর

হয়েছে আরো এক হাজার ৩৬০টি শিক্ষা প্রতিষ্ঠান। পূর্বা যশ্বনামায়ের তথা অন্যান্যী, গতবছর মাধ্যমিক অংশ নেয়া প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৬ হাজার ২২৫টি। এ সংখ্যা এ বছর বেড়ে দাঁড়িয়েছে ২৬ হাজার ৬৫৮টিতে। ঢাকা বোর্ডে ৩ হাজার ৯৯৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩৩০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে। রাজশাহী বোর্ডে ২ হাজার ৪০১টি প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাস করেছে ২৮৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে। কুমিল্লা বোর্ডের ১ হাজার ৫৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাস করেছে ১৩০টি। যশোর বোর্ডে ২ হাজার ৪০১টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৯৯টি শিক্ষা প্রতিষ্ঠান শতভাগ পাস করেছে। চট্টগ্রাম বোর্ডের ৯০৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাস করেছে ৪৫টি শিক্ষা প্রতিষ্ঠান। বরিশাদ বোর্ডে ১ হাজার ২৬৪টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাস করেছে ১১৮টি শিক্ষা প্রতিষ্ঠান। বিলেট বোর্ডের ৭৪০টি প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাস করেছে ১২১টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। দিনাজপুর শিক্ষা বোর্ডের ২ হাজার ৩৯৬টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাস করেছে ২৩১টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। মাদ্রাসা বোর্ডের ৯ হাজার ২০০টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাস করেছে ১ হাজার ৮০১টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। কারিগরি বোর্ডে ১ হাজার ৭২১টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শতভাগ পাস করেছে ১১৩টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।